124

ভোরের কাগজ

দিন 26 APR
পৃষ্ঠা ৭ কলাম ৫

# ছাত্রদল ও ছাত্রলীগ পৃথক ইস্যুতে আজ বুয়েটে ধর্মঘট ডেকেছে

বুয়েট প্রতিনিধি : আজ ছাত্রদল ও ছাত্রলীগ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে পৃথক পৃথক ইস্যুতে ধর্মঘট ডেকেছে। তবে গত বৃহস্পতিবার মধ্যরাতে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) কেন্দ্রীয় ছাত্র সংসদ (ইউকসু) অফিসে অগ্নিসংযোগের ঘটনার পর গতকাল ক্যাম্পাসের পরিস্থিতি শান্ত ছিল।

পরিস্থিতি শান্ত হওয়ায় ক্যাম্পাস থেকে ইতিমধ্যেই পুলিশ প্রত্যাহার করে নেওয়া হয়েছে। ছাত্রলীগ ও ছাত্রদলের নেতাকর্মীরাও চুপচাপ রয়েছেন।

এদিকে গতকাল রাতে এক বৈঠকে আজ রোববার ছাত্রদল দলীয় সাংগঠনিক সম্পাদক পীটারের আহত হওয়ার ঘটনা ও ইউকসু ভবনে অগ্নিসংযোগের প্রতিবাদে ধর্মঘটের ডাক দিয়েছে।

অন্যদিকে ছাত্রলীগও গতরাতে এক বৈঠকের পর স্থাপত্য বিভাগে রেজিস্ট্রেশনের দাবিতে আজ ধর্মঘটের ডাক দিয়েছে।

বুয়েট ছাত্রলীগের সভাপতি শহীদুল্লাহ খান ও সাধারণ সম্পাদক দীপক কর দীপন অবশ্য এক যৌথ বিবৃতিতে বলেছেন, ইউকসু ভবনে ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসীরা আশ্রয় নিয়েছিল। পীটার আহত হওয়ার ঘটনাও সাজানো। সে এখন পুরোপুরি সুস্থ অবস্থায় ক্যাম্পাসে অবস্থান করছে।

ছাত্রদলের সভাপতি হাসানুজ্জামান সিদ্দিকী (মিঠুন) ও সাধারণ সম্পাদক হাসিব সাইদ আহমদ চৌধুরী এক যুক্ত বিবৃতিতে বুয়েটের সুস্থ রাজনৈতিক ধারাকে অক্ষুন্ন রাখতে ছাত্রছাত্রীদের সহযোগিতা কামনা করেছেন।

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট পৃথক এক বিবৃতিতে বুয়েট পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করেছে।